

## আল-কিয়ামা | Al-Qiyama | الْقِيَامَةُ

আয়াতঃ ৭৫ : ২৯

### আরবি মূল আয়াত:

وَ التَّفَتَ السَّاقُ بِالسَّاقِ ﴿٢٩﴾

#### Aর্থ অনুবাদসমূহ:

আর পায়ের গোছার সংগে পায়ের গোছা জড়িয়ে যাবে। — আল-বায়ান

আর জড়িয়ে যাবে এক পায়ের নলা আরেক পায়ের নলার সাথে। — তাইসিরুল

এবং পায়ের সংগে পা জড়িয়ে যাবে। — মুজিবুর রহমান

And the leg is wound about the leg, — Sahih International

### ২৯. আর পায়ের গোছার সঙ্গে পায়ের গোছা জড়িয়ে যাবে।(১)

(১) শাল এর প্রসিদ্ধ অর্থ পায়ের গোছা। গোছার সাথে জড়িয়ে পড়ার এক অর্থ এই যে, তখন অস্ত্রিতার কারণে এক গোছা দ্বারা অন্য গোছার উপর আঘাত করবে। দ্বিতীয় অর্থ এই যে, দুর্বলতার আতিশয়ে এক পা অপর পায়ের উপর থাকলে তা সরাতে চাইলেও সক্ষম হবে না। ইবনে আবুস রাদিয়াল্লাহ ‘আনহু বলেন, তখন হবে দুনিয়ার শেষ দিন এবং আখেরাতের প্রথম দিনের সম্মিলন। তাই মানুষ দুনিয়ার শেষ দিন এবং আখেরাতের বিরহ-বেদনা এবং আখেরাতে কি হবে না হবে তার চিন্তায় প্রেরণ থাকবে। অর্থাৎ সে সময় দুটি বিপদ একসাথে এসে হাজির হবে। একটি এ পৃথিবী এবং এর সবকিছু থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার বিপদ।। আরেকটি, একজন অপরাধী হিসেবে গ্রেফতার হয়ে আখেরাতের জীবনে যাওয়ার বিপদ যার মুখোমুখি হতে হবে প্রত্যেক কাফের মুনাফিক এবং পাপীকে। [দেখুন: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### (২৯) তখন পায়ের (নলার) সাথে পা (নলা) জড়িয়ে যাবে। [1]

[1] এ থেকে মৃত্যুর সময় পদনালীর সাথে পদনালীর (ঠ্যাং-এর সাথে ঠ্যাং) জড়িয়ে যাওয়াকে বুরানো হয়েছে। অথবা এর অর্থ, কষ্টের উপর কষ্ট আসতে থাকা। অধিকাংশ মুফাসসিরগণ দ্বিতীয় অর্থই গ্রহণ করেছেন। (ফাতভুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন